


ছাত্রদলের আনন্দ মিছিলে হামলায় আহত ৭

রাজবাড়ী প্রতিনিধি



রাজবাড়ীর বালিয়াকান্দি উপজেলা ও কলেজ শাখা ছাত্রদলের নবগঠিত কমিটির আনন্দ মিছিলে আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ ও স্বেচ্ছাসেবক লীগ নেতাকর্মীদের হামলা। গতকাল সকাল সাড়ে ১১টায় বালিয়াকান্দি টেক্সেপাস্ট্যান্ডে। ছবি : কালের কঞ্চ

রাজবাড়ীর বালিয়াকান্দিতে উপজেলা ও কলেজ শাখা ছাত্রদলের

নবগঠিত কমিটির আনন্দ মিছিলে হামলা চালিয়েছেন আওয়ামী

লীগ, যুবলীগ, ছাত্রলীগ ও স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীরা।

হামলায় উপজেলা ছাত্রদলের সভাপতি নাজমুল শেখ,

বালিয়াকান্দি সরকারি কলেজ শাখা ছাত্রদলের সভাপতি রাহাত,

অপু মণ্ডল, রনি শেখসহ অন্তত সাতজন আহত হয়েছেন।

আহতদের রাজবাড়ী ও ফরিদপুর হাসপাতালে ভর্তি করা

হয়েছে।

জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক হারুন অর রশিদ
বলেন, ‘হামলা ও বাধা উপেক্ষা করে ছাত্রদল তাদের আনন্দ
মিছিল করেছে।

আমরা হামলাকারীদের বিচার দাবি করছি।’

এ বিষয়ে উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক
হারুন অর রশিদ হারুন বলেন, ‘আমি ঘটনাস্থলে পরে এসে
পরিস্থিতি শান্ত করেছি।’

বালিয়াকান্দি থানার উপপরিদর্শক রাজীবুল ইসলাম বলেন,
পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।